Addl Dir.............. Dean..............



বিইউপি

**বিইউপি রিসার্চ সেন্টার (BUP Research Centre)**

এল এম

২৩.০১.৯০২.৮৫৮.৬২.৭৮৬.১০১

**২০২৫-২০২৬ অর্থবছরের বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি) এর গবেষণা প্রকল্পের জন্য আবেদন আহবান প্রসঙ্গে**

বরাতঃ

ক। বিইউপি রেজিস্ট্রার অফিস, এল এম নং- ২৩.০১.৯০২.৮৫৮.০১.৭৮৬.৭৪ তারিখ ০৭ মে ২০২৪।

১। বরাত ক এর প্রেক্ষিতে ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য বিইউপি রিসার্চ সেন্টারের অধীনে ০১ (এক) বছর মেয়াদী গবেষণা প্রকল্পের জন্য অত্র পত্রের সাথে সংযুক্ত নির্ধারিত ফরমে আবেদন আহবান করা হচ্ছে। গবেষণা প্রকল্পে আবেদনের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলী অনুসরন করার জন্য অনুরোধ করা হলোঃ

(ক) আবেদনকারী অবশ্যই অত্র বিশ্ববিদ্যালয়ে (চুক্তিভিত্তিক ও স্ব-অর্থায়ন ব্যতীত) কর্মরত শিক্ষক/কর্মকর্তা হতে হবে। শিক্ষক/কর্মকর্তা (৯ম গ্রেড-তদুর্ধ্ব) একক অথবা যৌথভাবে আবেদন করতে পারবেন।

(খ) ২০২৩-২০২৪, ২০২৪-২০২৫ অর্থবছরে ও তৎপূর্বে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/বিইউপির অর্থায়নে অন্য কোন প্রকল্প চলমান থাকলে নতুন করে প্রকল্প প্রস্তাব বিবেচনার জন্য আনা হবে না।

(গ) একই প্রকল্প প্রস্তাব একাধিক ক্যাটাগরিতে দাখিল করা যাবে না।

(ঘ) গবেষণা অনুদানের অর্থ ব্যয় ও প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন কার্যক্রমের বিষয়ে ইউজিসি প্রদত্ত উল্লেখিত সকল শর্ত ও নির্দেশনা অবশ্যই অনুসরণ করতে হবে।

(ঙ) কলা ও মানবিক, সামাজিক বিজ্ঞান ও বিজনেস স্টাডিজ শাখার জন্য প্রস্তাবিত বাজেট ২,৬০,০০০.০০ (টাকা দুই লক্ষ ষাট হাজার মাত্র) টাকা এবং জীব/ভৌত/রসায়ন/চিকিৎসা/প্রকৌশল/কৃষি বিজ্ঞান (ক্রপ সায়েন্স ও লাইফ সায়েন্স) শাখার জন্য প্রস্তাবিত বাজেট ৩,০০,০০০.০০ (টাকা তিন লক্ষ মাত্র) টাকার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

(চ) প্রযোজ্য ক্ষেত্রে গবেষণা বিষয় জরিপ ভিত্তিক হওয়া বাঞ্ছনীয়।

(ছ) আবেদনপত্রের ফরম ও অনুদানের শর্তাবলী ফরম বিভাগীয়/শাখা/ডিন/অফিস প্রধানের দ্বারা অনুস্বাক্ষরিত হওয়ার পর বিইউপি রিসার্চ সেন্টার (বিআরসি) ০২ (দুই) সেট জমা প্রদান করতে হবে।

(জ) প্রকল্প প্রস্তাবের (হার্ড কপি) ০৮ (আট) কপি টেপ বাইন্ডিং করে বিআরসি'তে প্রেরণ করতে হবে।

(ঝ) প্রকল্প প্রস্তাবের সফ্ট কপি Microsoft Office Word and PDF ফরমেটে সংশ্লিষ্ট ক্যাটাগরি অনুযায়ী বিইউপি রিসার্চ সেন্টার এর দাপ্তরিক ই-মেইল brc@bup.edu.bd পাঠাতে হবে।

(ঞ) প্রকল্প প্রস্তাবনা নির্দিষ্ট ফরম ও শর্তাবলি অনুযায়ী হতে হবে এবং অসম্পূর্ণ প্রস্তাব বিবেচিত হবে না। গবেষণা প্রকল্পের আবেদন ফরম, তথ্য ছক ও অনুদানের শর্তাবলি পূরণ করতঃ আগামী ২৯ মে ২০২৫ তারিখের মধ্যে বিইউপি রিসার্চ সেন্টার, স্বাধীনতা অডিটোরিয়াম, কক্ষ নং-৪০৪ এ জমা করতে হবে।

২। বিষয়টি আপনাদের পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

সাজেদা আক্তার মনি
মেজর
উপ-পরিচালক
বর্ধিত ৮৫৫৯

০৫ মে ২০২৫

সংযুক্তিঃ

১। গবেষণা প্রকল্পের আবেদন ফরম- ০৪ পাতা।
২। অনুদানের শর্তাবলির ফরম- ০২ পাতা।
৩। তথ্য ছক-১ (সমাপ্তকৃত গবেষণা প্রকল্পের বিবরণী)- ০১ পাতা।
৪। তথ্য ছক-২ (জার্নালে প্রকাশিত গবেষণার তালিকা)- ০১ পাতা।
৫। চূড়ান্ত সমাপনী প্রতিবেদন ফরম- ০১ পাতা।
৬। তথ্য ছক- ০৩ (সমাপনী প্রতিবেদন সংশ্লিষ্ট তথ্যাবলী)- ০২ পাতা।
৭। প্রকল্প প্রস্তাবের ক্রমধারা- ০১ পাতা

প্রতিঃ

সকল বিভাগ/শাখা/ফ্যাকাল্টি/অফিস, বিইউপি

অবগতিঃ

ভিসি'র সচিবালয়
প্রো-ভিসি'র অফিস